

**‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় নতুন ক্যাম্পাস স্থাপন’ প্রকল্পে ভূমি অধিগ্রহণে
ঋতিগ্রস্ত ব্যক্তিদের মধ্যে ঋতিপূরণের চেক বিতরণ অনুষ্ঠান**



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার তেঘরিয়া ইউনিয়নের পশ্চিমদি মৌজায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপন : ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন’ প্রকল্প গ্রহণ করা হয়। ঢাকা জেলা প্রশাসনের উদ্যোগে ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সার্বিক সহযোগিতায় ১৬ নভেম্বর-২০১৯, শনিবার সকাল ১১ ঘটিকায় প্রকল্পের স্থানে (পশ্চিমদি মৌজা, কেরানীগঞ্জ) বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপন প্রকল্পে ভূমি অধিগ্রহণে ঋতিগ্রস্ত ব্যক্তিদের মধ্যে ঋতিপূরণের চেক বিতরণ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ এম.পি. প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চেক

বিতরণ কর্মসূচির সূচনা করেন। ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ায় স্বচ্ছতা ও গতিশীলতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে ‘Automated Compensation Payment System (ACPS)’ পদ্ধতিতে (স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন-২০১৭ এর আওতায় স্বয়ংক্রিয় ক্ষতিপূরণ পদ্ধতি) প্রায় ১৮৮.৬০ একর জমির জন্য মালিকানা প্রমাণ সাপেক্ষে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মধ্যে ৮৯৯ কোটি ৮০ লক্ষ ৪৯ হাজার ৮৩২ টাকা (প্রায়) এর চেক বিতরণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

ঢাকা জেলার প্রশাসক আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং কেরাণীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান শাহীন আহমেদ বক্তব্য প্রদান করেন। ঢাকা জেলা প্রশাসনের ভূমি অধিগ্রহণ কর্মকর্তা মোঃ ইমরুল হাসান এর সঞ্চালনায় বক্তব্য প্রদান করেন ঢাকা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ) তানভীর আহমেদ, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (এলএও) আজিম উদ্দিন এবং কেরাণীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত দেবনাথ।

উল্লেখ্য, ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্তদের জমির নির্ধারিত (সরকারি) মূল্যের তিনগুণ অর্থ প্রদান করা হচ্ছে। ক্ষতিগ্রস্তদের মধ্যে চট্টগ্রাম জেলার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ওসমান গনি-কে ক্ষতিপূরণের চেক প্রদানের মাধ্যমে কার্যক্রম শুরু হয় এবং আজ ৪০ জন ক্ষতিগ্রস্তদের মাঝে চেক হস্তান্তর করা হয়।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, বিভিন্ন বিভাগের শিক্ষক, বিভিন্ন দপ্তরের পরিচালক, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দসহ ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্ত ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।